আজকের কাগজ

তারিখ 26 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৭

# রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষায় পাসের হার ৩৭ ভাগ

**কাগজ প্রতিবেদক :** গতকাল বুধবার রাজশাহী শিক্ষাবোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এবার বোর্ডে ছাত্রছাত্রীদের পাসের হার ৩৭.৩৩ ভাগ। পরীক্ষায় অংশ নিয়েছিলো মোট ৬৩,৮০০ জন ছাত্রছাত্রী। এর মধ্যে পাস করেছে মোট ২৩,৮২০ জন। কৃতকার্যদের মধ্যে প্রথম বিভাগে ১,৬৮৫, দ্বিতীয় বিভাগে ৭,১৫৯ এবং তৃতীয় বিভাগে পাস করেছে ১৪,৯৭৬ জন।

বিজ্ঞান বিভাগে পাসের হার ৪৬.৬১, মানবিক বিভাগে ৩২.৪০ এবং বাণিজ্য বিভাগে ৩৭.৩৮।

বিজ্ঞান বিভাগে পরীক্ষায় অংশ নিয়েছিলো ১৮,২৬৫ জন। পাস করেছে ৮,৫১৫ জন। এরমধ্যে ১২৯৫ জন প্রথম বিভাগে ৩১৭০ জন দ্বিতীয় বিভাগে এবং ৪,০৫০ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

মানবিক বিভাগে অংশ নিয়েছিলো ৩৪,৫২৪ জন। পাস করেছে ১১,১৮৯ জন। এর মধ্যে ২৯২ জন প্রথম, ২,৭৪২ জন দ্বিতীয় এবং ৮,১৫৫ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

বাণিজ্য বিভাগে পরীক্ষায় অংশ নিয়েছিলো ১১,০১১ জন। পাস করেছে ৪, ১১৬ জন। এর মধ্যে ৯৮ জন প্রথম, ১,২৪৭ জন দ্বিতীয় এবং ২,৭৭১ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

**প্রথম ৩টি স্থান রাজশাহী কলেজের**

এবার এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষাবোর্ডে সম্মিলিত মেধা তালিকায় অধিকাংশ আসন দখল করেছে রাজশাহী কলেজের ছাত্রছাত্রীরা। সম্মিলিত মেধা তালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছে এই কলেজের ছাত্ররা। এছাড়া মানবিক বিভাগে প্রথম, বাণিজ্য বিভাগে প্রথম এবং মেয়েদের সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে রাজশাহী কলেজের ছাত্রছাত্রীরাই।

**শামীম আহমেদ আলফা সম্মিলিত তালিকায় প্রথম**

এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষাবোর্ডে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে শামীম আহমেদ আলফা। তাঁর রোল-রাজ ৬০৪। প্রাপ্ত নম্বর ৯৭৮। দ্বিতীয় স্থান অধিকার করেছে সালেহউর রহমান। তাঁর রোল-রাজ-৬০২। প্রাপ্ত নম্বর ৯৫৭। তৃতীয় স্থান অধিকার করেছে তাওফিক হাসান। রোল-রাজ-৬০৩। সে পেয়েছে ৯২৪ নম্বর। এরা তিনজনই রাজশাহী কলেজের ছাত্র।

মানবিক বিভাগে মেধা তালিকায় প্রথম হয়েছে রাজশাহী কলেজের ছাত্র প্রদীপ কুমার পাণ্ডে। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে ঐ একই কলেজের ছাত্র ফারুক আহমেদ। রাজশাহী কলেজের ছাত্রী নিখাত আরা মেয়েদের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে।